আলমডাঙ্গায় জামায়াতে ইসলামীর উদ্যোগে নির্বাচনী পোলিং এজেন্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর চুয়াডাঙ্গা-১ আসনের মনোনীত প্রার্থী ও জেলা সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল বলেছেন, কোনো হুমকি-ধামকি কিংবা ভয়ভীতি দেখিয়ে জামায়াতের এই গণজোয়ারকে থামানো যাবে না।

আজ শুক্রবার সকালে আলমডাঙ্গার হাজী মোড়স্থ লায়লা কনভেনশন হলে উপজেলা জামায়াতের উদ্যোগে কেন্দ্রভিত্তিক প্রধান পোলিং এজেন্টদের নিয়ে আয়োজিত কর্মশালায় তিনি এ কথা বলেন। অ্যাডভোকেট রাসেল আরও বলেন, আমাদের অনেক ভাইকে গুম, ক্রসফায়ার ও ফাঁসির মাধ্যমে হত্যা করা হয়েছে, তবুও আমরা পিছপা হইনি। আমাদের লক্ষ্য একমাত্র আল্লাহর সন্তুষ্টি। তিনি পোলিং এজেন্টদের উদ্দেশ্যে বলেন, প্রত্যেক কেন্দ্রে পোলিং এজেন্টদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। যেকোনো পরিস্থিতি মোকাবেলায় সর্বোচ্চ সজাগ থাকতে হবে।

অনুষ্ঠানে জেলা যুব বিভাগের সভাপতি শেখ নুর মুহাম্মদ হুসাইন টিপুর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা সহকারী সেক্রেটারী ও আইবিডব্লিউএফ সভাপতি আব্দুল কাদের, আইন-আদালত বিষয়ক সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম, উপজেলা আমীর প্রভাষক শফিউল আলম বকুল, পৌর আমীর মাহের আলী, নায়েবে আমীর ইউসুফ আলী মাস্টার, থানা সেক্রেটারী মামুন রেজা, যুব সেক্রেটারী তরিকুল ইসলাম এবং তারবিয়াত সেক্রেটারী বিলাল হোসাইন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচনী সদস্য সচিব কাইয়ুম উদ্দিন হিরক।

“মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

গাংনীতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়।

নগর উন্নয়ন অধিদপ্তর ও উপজেলা প্রশাসন আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো: আনোয়ার হোসেন। সেমিনারে নগর উন্নয়ন নিয়ে বিভিন্ন গঠনমূলক বক্তব্য দেন গাংনী উপজেলার রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান, গণমাধ্যমকর্মীসহ বিভিন্ন শ্রেনী-পেশার মানুষ।

এসময় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রকল্প পরিচালক (পিডি) আহম্মেদ আকতারুজ্জামান, ব্যাবস্তাপক, মো সাইফুর রহমান, ইয়ারুন নেছা ও পরামর্শক প্রতিনিধি উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

আলমডাঙ্গায় ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল আলমডাঙ্গা পোস্ট অফিসের সামনে এই ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। এলাকার অসহায় দুস্থ মানুষের সেবায় মেডিপ্লাসের সৌজন্যে এই উদ্যোগ নেওয়া হয়।

অনুষ্ঠান উদ্বোধন করেন, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিলন। উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সাধারণ

সম্পাদক হামিদুল ইসলাম আজম, ডাক্তার আব্দুল্লাহ আল মামুন। এই ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্পে সেবাদানকারী চিকিৎসকরা হলেন মূল উদ্যোক্তা ডাক্তার সুব্রত প্রমানিত, ডাক্তার তাহমিদ আশরাফ, ডাক্তার বিতাশী চক্রবর্তী।

ডাক্তার সুব্রত প্রমানিত বলেন, আমার এলাকার অসহায় দুস্থ মানুষের চিকিৎসা সেবায় আরও বৃহৎ পরিসরে সকলকেই এগিয়ে আসতে হবে। আমি এবং আমার বন্ধু চিকিৎসকদের সাথে নিয়ে শুরু করছি। পরবর্তীকালে এই রকম ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প চলমান থাকবে বলে আশা করছি।

চুয়াডাঙ্গা-২ আসনে ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নিবার্চনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-২ আসনের নিবার্চনী ইসলামী আন্দোলন বাংলাদেশ এর প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার সকাল ১০টায় দর্শনা ডাক বাংলো অডিটেরিয়ামে ইসলামী আন্দোলন বাংলাদেশ এর আয়োজনে নিবার্চনী প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনের নিবার্চন পরিচালনা কমিটির আহ্বায়ক মুহাম্মদ এনামুল কবির জিপসী এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ এর চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য পদ প্রার্থী মুহাম্মদ হাসানুজ্জামান সজিব। প্রধান অতিথি তার বক্তব্য রাখতে গিয়ে বলেন, এখানে চুয়াডাঙ্গা-২ আসনের ইসলামী আন্দোলন বাংলাদেশের বিভিন্ন ওয়ার্ড, ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা কমিটির উপস্থিত নেতাকর্মীদের নির্দেশনা দিয়ে বলেন, আজ থেকে আপনারা নিজ নিজ এলাকায় ফিরে গিয়ে পাখা মাকার্র পক্ষে সকল ধর্ম, বর্ণ, বিভিন্ন পেশার মানুষসহ সাধরণ মানুষকে সম্পৃক্ত করতে কাজ করবেন। সাধরণ মানুষের মধ্যে নিজেদেরকে গ্রহণযোগ্য করে আমাদের দলের আর্দশ প্রচার করবেন। প্রতিটি ওয়ার্ডে, পাড়ার-মহল্লায় নিবার্চনী কমিটি গঠন করে পাখা মার্কার পক্ষে ভোট চাইবেন।

এছাড়া আগামী নিবার্চনকে সামনে রেখে এখন থেকে নিজ উদ্যেগে মনে প্রাণে কাজ করে ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রার্থী জয়যুক্ত করে ঘরে ফিরবেন বলে সকল নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানের শুরুতেই কোরআন তেলোয়াত করেন, কারী মোঃ জিল্লুর রহমান।

এছাড়া নিবার্চনী প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশের দামুড়হুদা সদর ইউনিয়রে সভাপতি মুফতি আব্দুর রাজ্জাক কাজী, হাউলী ইউনিয়রে সভাপতি আশরাফুল ইসলাম, জুড়ান পুর ইউনিয়রে সভাপতি শাহিন আ্লম মিল্টন, নতিপোতা ইউনিয়রে সভাপতি মোশরেফ হোসেন, দর্শনা পৌরসভার সভাপতি মোঃ কামরুজ্জামান, নাটুদাহ ইউনিয়নের সভাপতি মাওঃ মোঃ মিকাইল হোসেন, পারকৃস্ণপুর মদনা ইউনয়নের সাধারণ সম্পাদক জামসের আলী, কুড়লগাছী ইউনিয়নের সাধারণ সম্পাদক জোবায়ের আহম্মদ, গড়াইটুপি ইউনিয়নের জসীম উদ্দিন।

এছাড়া জীবননগর উপজেলার বিভিন্ন ইউনিয়নের সভাপতি ও সাধরণ সম্পাদকসহ বিভিন্ন নেতাকর্মী বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন, মাওঃ কে এম সাইফুল্লাহ ও মুফতি মুহাম্মদ ইদরিস।

মেহেরপুরে পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্স অনুষ্ঠিত

মেহেরপুরে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসির আয়োজনে পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২০ আগস্ট) এ কনফারেন্সে সভাপতিত্ব করেন মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী।

সভাপতির বক্তব্যে মোঃ শাজাহান আলী বলেন, মেহেরপুরের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। পাশাপাশি পাসপোর্ট অফিস, বিআরটিএসহ বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠানে যেন সাধারণ মানুষ হয়রানির শিকার না হয়, সে জন্য কার্যকর উদ্যোগ নিতে হবে। ভেজালমুক্ত খাবার নিশ্চিত করতে

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অধিকতর তদারকি করতে হবে এবং এ ক্ষেত্রে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসি সার্বিক সহযোগিতা করবে।

তিনি আরও বলেন, মাদকের বিরুদ্ধে সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে, যাতে যুব সমাজ বিপথগামী না হয়ে আলোকিত ভবিষ্যতের পথে এগিয়ে যায়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র জেলা ও দায়রা জজ এস. এম. নাসিম রেজা।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মেহেরপুরে এটাই আমার প্রথম পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্স। বিচারপ্রার্থী মানুষ যেন ন্যায় বিচার পায়, সে দিকে সকলকে লক্ষ্য রাখতে হবে। বিচার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট প্রত্যেককে ন্যায়বিচারের স্বার্থে এগিয়ে আসতে হবে।

এছাড়াও জেলা ম্যাজিস্ট্রেটের প্রতিনিধি, পুলিশ সুপারের প্রতিনিধি, পিবিআই কুষ্টিয়ার পুলিশ সুপার, সিভিল সার্জনের প্রতিনিধি, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক, পাবলিক প্রসিকিউটর, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক, স্যানিটারী ইন্সপেক্টর, পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক, বিভিন্ন থানার ওসি, সিআইডি, ডিবি, ট্রাফিক ইন্সপেক্টরসহ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসির বিচারকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের পিরোজপুরে ইউনিয়ন যুবদলের আলোচনা সভা অনুষ্ঠিত

দলকে সুসংগঠিত ও ঐক্য ধরে রাখার জন্য মেহেরপুর সদর উপজেলার পিরোজপুরে ইউনিয়ন যুবদলের আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টায় পিরোজপুর হাট প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পিরোজপুর ইউনিয়ন যুবদল আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি

ছিলেন, মেহেরপুর জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, বিশেষ অতিথি পিরোজপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শামসুল আলম খান। ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মিয়ারুল ইসলামের সঞ্চালনায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা যুবদলের সদস্য সচিব কামরুজ্জামান বিপ্লব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, পিরোজপুর ইউনিয়ন যুবদলের সভাপতি নুরুল ইসলাম।

বক্তারা বলেন, দলকে সংগঠিত ও দলের আভ্যন্তরীণ ঐক্য ধরে রাখার জন্য আমাদের সকলকে এক হয়ে কাজ করতে হবে। এ সময় উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক লস্কর আলী, কৃষক দলের সভাপতি আানারুল ইসলাম ও সাধারণ সম্পাদক রফিক আলী সহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা সাড়ে ১২টার দিকে দর্শনা শাহারিয়ার মুক্ত মঞ্চের সামনে এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান, মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমনে পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান।

এসময় এলাকাবসীর পক্ষে সাজ্জাদ হোসেন বলেন, দর্শনা এলাকায় দ্রুতগামী মোটর-সাইকেল শব্দ করে চালানো, গভীর রাতে বিকট শব্দ করে সাউন্ড বক্স বাজানো বন্ধ করা, মাদক চোরাচালান বিষয়ে পুলিশ প্রতি নজর দেওয়ার দাবী করেন।

এছাড়া দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জনতার উদ্যেশে বলেন, আমাদের দর্শনা থানার পুলিশের দায়িত্ব পালনে কোনো ত্রুটি থাকলে আমার কাছে নিরদিধায় জানাবেন। আমরা সেগুলোকে আমলে নিয়ে আমাদের দায়িত্ব পালনে অবিচল থাকবো। ইতোপূর্বে দর্শনা থানাধীন হিজলগাড়ী ও গড়ায়টুপি এলাকায় সাধারণ মানুষের উপস্থিতিতে ওপেন হাউজ

ডে মতবিনিময় সভা করেছি। এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অব্যহত থাকবে। দর্শনা থানার প্রতিটি এলাকায় এ মতবিনিময় সভা করে যাবেন বলে জানান।

আলমডাঙ্গা উপজেলা জামায়াতের উদ্যোগে নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা উপজেলা শাখার উদ্যোগে ওয়ার্ড পর্যায়ের দায়িত্বশীলদের নিয়ে এক নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩টায় আলমডাঙ্গা উপজেলা জামায়াত কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাচন বিভাগের পরিচালক মুহা. মামুন রেজা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী, জেলা সহকারী সেক্রেটারি ও চুয়াডাঙ্গা জর্জ কোর্টের এপিপি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “দেশের বেকার যুবসমাজকে কর্মসংস্থানের সুযোগ তৈরি করে একটি ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করতে হবে। সমাজে বৈষম্য দূর করে ন্যায়ের ভিত্তিতে রাষ্ট্র গঠনই আমাদের লক্ষ্য।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচন পরিচালক ও জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন ও আদালত বিষয়ক সম্পাদক ও নাগদাহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান দারুস সালাম, উপজেলা জামায়াতের আমীর ও আলমডাঙ্গা মহিলা ডিগ্রি কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক শফিউল আলম বকুল।

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা তারবিয়াত সেক্রেটারি বিলাল হুসাইন, দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম, যুব বিভাগের সভাপতি তরিকুল ইসলাম,

আইন ও আদালত সম্পাদক মোহাম্মদ আলী, মানব সম্পদ সম্পাদক শফিউজ্জামান মিঠুসহ উপজেলার বিভিন্ন ইউনিয়নের আমীর-সেক্রেটারি ও ওয়ার্ড পর্যায়ের সভাপতি ও দায়িত্বশীলগণ। কর্মশালায় বক্তারা আসন্ন উপজেলা ও জাতীয় নির্বাচনে সংগঠনের কৌশল, কর্মপরিকল্পনা এবং মাঠ পর্যায়ের সংগঠন শক্তিশালীকরণের ওপর গুরুত্বারোপ করেন।

দামুড়হুদায় ওর্য়াড বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

দামুড়হুদার গোবিন্দহুদায় ওর্য়াড বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যা ৭ টার সময় দামুড়হুদা সদর ইউনিয়নের ৫ নং ওর্য়াড গোবিন্দহুদা গ্রাম বিএনপি’র আয়োজনে গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয় চত্বরে এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

৫ নং ওয়ার্ড বিএনপি’র সহ-সভাপতি বজলুর রহমানের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চলায় এসময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাবেক প্রচার সম্পাদক আশরাফুল আলম বাবলু, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি শফিকুল ইসলাম মাষ্টার, যুগ্ম-সাধারণ সম্পাদক আনসার আলী, সাংগঠনিক সম্পাদক গোলাম কবীর, ৫ নং ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক বকুল হোসেন, উপজেলা বিএনপি’র সদস্য ও থানা যুবদল নেতা তারিকুল ইসলাম লিটন, উপজেলা কৃষকদল নেতা শামসুল আলম, ৫ নং ওয়ার্ড গোবিন্দহুদা গ্রাম বিএনপি’র নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক সাবেক ইউপি সদস্য আমিনুল ইসলাম, যুগ্ম-আহ্বায়ক জাহাঙ্গীর আলম, জেলা ছাত্রদলের সাবেক সদস্য ও দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ফিরোজ হাসান মন্টু, উপজেলা ছাত্রদলের সাবেক সদস্য ডালিম হোসেন, সাইদুর রহমান ডলার, ৫নং ওর্য়াড বিএনপি নেতা উসমান আলী

উথান, যুবদল নেতা দেলোয়ার হোসেন, খোকন আলীসহ স্থানীয় বিএনপি, যুবদল, সেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

মেহেরপুরে জিসান স্মৃতি ক্লাবের ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মল্লিকপাড়ায় জিসান স্মৃতি ক্লাবের উদ্যোগে একদিনব্যাপী জিসান স্মৃতি ক্লাব ফুটবল টুর্নামেন্ট ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দিনব্যাপী মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই টুর্নামেন্টের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম। টুর্নামেন্টের সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও জিসান স্মৃতি ক্লাবের সভাপতি মোঃ মেহেদী হাসান রোলেক্স।

দিনব্যাপী এই প্রতিযোগিতায় ১৬টি দল অংশগ্রহণ করে। ফাইনাল খেলায় মুখোমুখি হয় কুষ্টিয়া ফ্যামিলি ফুটবল একাদশ ও কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব। জমজমাট খেলায় কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব বিজয়ী হয়।

পরে, অতিথিদের হাত দিয়ে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।